# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫০৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯১৪]

১১. কিতাবুল জুমআ বা জুমআ পর্ব (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ মিম্বারের উপর বসে ইমাম জুমআর দিন আযানের উত্তর দিবেন

باب يُؤَذِّنُ الإِمَامُ عَلَى الْمِنْبَرِ إِذَا سَمِعَ النِّدَاءَ

---

আরবী

□□□ ـ عَنْ مُعَاوِيَةَ بْنِ أَبِي سُفْيَانَ : أَنَّه جَلَسَ عَلَى الْمِنْبَرِ يوم الجمعة، فلما أَذَّنَ الْمُؤَذِّنُ، قَالَ: اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ، قَالَ مُعَاوِيَةُ: اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ، قَالَ: أَشْهَدُ أَنْ لا إِلَهَ إِلاَّ اللَّهُ، فَقَالَ مُعَاوِيَةُ : وَأَنَا، فَقَالَ: أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، فَقَالَ مُعَاوِيَةُ: وَأَنَا، فَلَمَّا أَنْ قَضَى التَّأْذِينَ، قَالَ: يَا أَيُّهَا النَّاسُ، إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ عَلَى هَذَا الْمَجْلِسِ، حِينَ أَذَّنَ الْمُؤَذِّنُ، يَقُولُ مَا سَمِعْتُمْ مِنِّي مِنْ مَقَالَتِي

বাংলা

(৫০৩) মুআবীয়া বিন আবু সুফিয়ান (রাঃ) হতে বর্ণিত, তিনি একদা জুমআর দিন মিম্বারের উপর বসলেন। মুআয্যিন আযান দেয়ার সময় যখন বললেনঃ আল্লাহু আকবার, আল্লাহু আকবার তখন মুআবীয়া (রাঃ)ও বললেনঃ আল্লাহু আকবার, আল্লাহু আকবার। আবার যখন মুআয্যিন বললেনঃ আশহাদু আল্ লা-ইলাহা ইল্লাল্লাহ, তখন মুআবীয়া বললেনঃ আশহাদু আল্ লা-ইলাহা ইল্লাল্লাহ, মুআয্যিন যখন বললেনঃ আশহাদু আন্না মুহাম্মাদার্ রাসূলুল্লাহ্ তখন মুআবীয়া (রাঃ) বললেনঃ আশহাদু আন্না মুহাম্মাদার্ রাসূলুল্লাহ্। মুআয্যিন আযান শেষ করলে মুআবীয়া (রাঃ) বললেনঃ ‘‘হে লোক সকল! মুআয্যিন আযান দেয়ার সময় এ স্থানে বসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ঐ বাক্যগুলোই বলতে শুনেছি, যা তোমরা আমাকে বলতে শুনলে’’।

## English

The Imam repeats the wordings of the Adhan when he hears it

Narrated Muawiya bin Abi Sufyan:

Once he was sitting on the pulpit. When the Mu'adh-dhin pronounced the Adhan saying, "Allahu-Akbar, Allahu Akbar", Muawiya said: "Allah Akbar, Allahu Akbar." And when the Mu'adh-dhin said, "Ash-hadu an la ilaha illal-lah (I testify that none has the right to be worshipped but Allah)", Muawiya said,

"And (so do) I". When he said, "Ash-hadu anna Muhammadan Rasulullah" (I testify that Muhammad is Allah's Apostle), Muawiya said, "And (so do) I". When the Adhan was finished, Muawiya said, "O people, when the Mu'adh-dhin pronounced the Adhan I heard Allah's Messenger (ﷺ) on this very pulpit saying what you have just heard me saying".

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ মু‘আবিয়াহ ইবন আবূ সুফিয়ান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89801

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন